

# বনিক বাত্রা

মঙ্গলবার, অক্টোবর ২১, ২০২৫ ■ কাতক ৫



## এনএসইউতে সাংবিধানিক সংশোধনী নিয়ে ল টকস

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) সেন্টার ফর লিগ্যাল রিসার্চের (সিএলআর) উদ্যোগে সাংবিধানিক সংশোধনী নিয়ে ল টকস অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের মুট কোর্ট রুমে আয়োজিত 'রেভলুশনারি কনস্টিটিউশনালিজম : কনস্টিটিউশনাল অ্যামেন্ডমেন্ট' শীর্ষক এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনএসইউর উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আব্দুর রব খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ড. শরীফ ভূইয়া। উদ্বোধনী বক্তব্য দেন আইন বিভাগের অধ্যাপক ও স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস ডিন ড. রিজওয়ানুল ইসলাম।